



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়
জামান'স কর্নার, বাসা নং-১৪৭/এ
রোড নং-৩, ঈদগাহ আবাসিক এলাকা
কতোয়ালী, দিনাজপুর।
www.doe.gov.bd

পরিবেশগত ছাড়পত্র নবায়ন

ছাড়পত্র নং: ২৩-৯২৩১৪


পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র নবায়ন প্রদান করা হলো :

প্রতিষ্ঠান/প্রকল্পের নাম	: Barapukuria Coal Mining Company Limited
উদ্যোক্তার নাম	: General Manager (P&E) (Duly authorized to sign for and on behalf of BCMCL, Chowhati, Parbatipur, Dinajpur)
সনাক্তকরণ নং	: ৪৫৫৬৮
প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম	: All mining projects (coal, limestone, hard rock, natural gas, mineral oil, etc.)
প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী	: Red
প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা	: Chowhati, Parbatipur, Dinajpur.
প্রদানের তারিখ	: 27/12/2022
মেয়াদ উত্তীর্ণের তারিখ	: 09/07/2023



এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।



পরিবেশগত ছাড়পত্র নবায়ন এর জন্য প্রযোজ্য শর্তাবলী:

- ১ . প্রতিষ্ঠানটির অনুকূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে নিম্নলিখিত শর্তাবলী আরোপ করে পরিবেশগত ছাড়পত্র নবায়ন করা হলো ।
- ২ . প্রকল্পের সৃষ্ট শব্দ, গ্যাসীয় নিঃসরণ ও তরল বর্জ্যের নির্গমন মাত্রা বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) এবং বাংলাদেশ জীবনিরাপত্তা বিধিমালা, ২০১২ যথাযথভাবে অনুসরণ করে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে ।
- ৩ . প্রকল্পের সৃষ্ট সকল বর্জ্য পরিবেশসম্মতভাবে অপসারণ করতে হবে করতে হবে ।
- ৪ . প্রতি তিন মাস অন্তর অন্তর বছরে ৪ (চার) বার সৃষ্ট তরল বর্জ্যের বিশ্লেষিত ফলাফল অত্র দপ্তরে দাখিল করতে হবে
- ৫ . প্রতি তিন মাস অন্তর অন্তর বছরে ৪ (চার) বার পারিপার্শ্বিক বায়ুর গুণগতমান বিশ্লেষণের ফলাফল অত্র দপ্তরে দাখিল করতে হবে
- ৬ . আগামী ৬ মাসের মধ্যে উৎপাদন প্রক্রিয়ায় ভূ-গর্ভস্থ থেকে উত্তোলনকৃত বর্জ্যের পানির ক্যালকুলেশন করে তার থেকে এক-তৃতীয়াংশ বেশি পানি ধারণ ক্ষমতা সম্পন্ন ইটিপি তৈরী করতে হবে । এক্ষেত্রে বিদ্যমান ইটিপির ধারণ ক্ষমতা বৃদ্ধি অথবা ইটিপির আরো একটি ইউনিট নির্মাণপূর্বক এ দপ্তরকে অবহিত করতে হবে ।
- ৭ . উত্তোলনকৃত সকল বর্জ্য পানি ইটিপির মাধ্যমে পরিশোধ করে অপসারণ করতে হবে । কোন মতেই অপরিশোধিত তরল বর্জ্য বাইপাস লাইনের মাধ্যমে সরাসরি বাইরে অপসারণ করা যাবে না ।
- ৮ . ইটিপিতে অয়েল ও গ্রীজ পৃথকীকরণের জন্য ওয়েল ট্রাপ সংযোজন পূর্বক দপ্তরকে অবহিত করতে হবে ।
- ৯ . ইটিপি নির্মাণকালীন সময়ে স্থাপিত Activated Carbon Filter বর্তমানে অকার্যকর হওয়ায় তা পরিবর্তন করে ইটিপির সকল পানি ফিল্টারের মধ্যে দিয়ে প্রবাহিত করতে হবে ।
- ১০ . ইয়ার্ডে সংরক্ষিত কয়লার উপরে একটি মেড নির্মাণ করা যায় কিনা তার একটি সমীক্ষা প্রতিবেদন আগামী ৬ মাসের মধ্যে দাখিল করতে হবে ।
- ১১ . প্রকল্প কর্মরত শ্রমিকদের স্বাস্থ্যসম্মত ও নিরাপত্তামূলক পরিবেশ ব্যবস্থা নিশ্চিত করতে হবে ।
- ১২ . এ ছাড়পত্রের মেয়াদ শেষ হবার অন্তত ৩০ দিন পূর্বে উহা নবায়ন করতে হবে । এ ছাড়পত্র কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য নয় ।
- ১৩ . ছাড়পত্রের মূলকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে । পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টিম বা কোন কর্মকর্তা পরিদর্শনে গেলে তাদেরকে ছাড়পত্র প্রদর্শন ও কার্যক্রম পরিদর্শনে সহযোগিতা করতে হবে ।
- ১৪ . কর্মরত শ্রমিকদের জন্য Personal Protection Equipment যেমন: নোজ মাস্ক, গ্লোভস, বুট ইত্যাদি ব্যবহার নিশ্চিত করতে হবে ।
- ১৫ . অগ্নি নির্বাপনকল্পে কারখানায় অগ্নি নির্বাপনী ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে ।
- ১৬ . প্রতিষ্ঠানটির চারিপাশে গাছপালার সবুজ বেষ্টিনী গড়ে তুলতে হবে ।
- ১৭ . প্রতিষ্ঠানটিতে পারদ বিহীন এনার্জি সেভিং বাল্ব যেমন LED Bulb ব্যবহার করতে হবে ।
- ১৮ . প্রতিষ্ঠানটিতে শিশু শ্রম নিয়োগ করা যাবে না ।
- ১৯ . এই ছাড়পত্রের মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে । প্রতিবছর নবায়ন না করা হলে ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে ।
- ২০ . ছাড়পত্র ও নবায়নের মূলকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে । পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টিম বা কোন কর্মকর্তা প্রতিষ্ঠানটি পরিদর্শনে গেলে তাদেরকে ছাড়পত্র প্রদর্শনসহ কারখানার কার্যক্রম পরিদর্শনে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করতে হবে । অন্যথায় ইস্যুকৃত ছাড়পত্র বাতিলসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে ।